দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানিতে পুরস্কার বিতরন ও বিদায় অনুষ্ঠান

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানিতে অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ পুরস্কার বিতরন ও বিদায় বরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার (১৫ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে কেরু অফিসার্স ক্লাবে পুরস্কার বিতরন ও বিদায় বরন সভা অনুষ্ঠিত হয়।

এ পুরস্কার বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদায়ী কেরু এ্যান্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ সময় তিনি বলেন,আমি প্রায় ৩ বছর আপনাদের সাথে ছিলাম এবং এই প্রতিষ্ঠানটি ঘুরে দাড়ানোর জন্য যা করার দরকার আমি সব কিছু করেছি। তাই আপনারা যারা আছেন নিষ্ঠার সাথে কাজ করে যাবেন। আমি এই প্রতিষ্ঠানের কথা কখনও ভুলবোনা এ প্রতিষ্ঠানের জন্য সব সময় আমার দোয়া থাকবে। আপনারা যারা আছেন সবাই মন প্রান দিয়ে আমার সহিযোগিতা করেছেন আমি আপনাদের ঝন শোধ করতে পারবো না।

এ সময় তিনি অফিসারদের মাঝে খেলাধুলার পুরস্কার তুলে দেন।এবং বিদায়ী ব্যবস্থাপনা পরিচালককে সৃতি চারন হিসাবে ক্রেষ্ট ও সম্মানা স্বারক তার হাতে তুলে দেন।

এ পুরস্কার ও বিদায়ী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,কেরু এ্যান্ড কোম্পানির মহাব্যবস্থাপক জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, মহাব্যবস্থাপক অর্থ আব্দুস ছাত্তার, মহাব্যবস্থাপক জি এম ডিস্টিলারি রাজিবুল হাসান, মহাব্যবস্থাপক এ ডি এম ইউসুফ আলী, ডিহি ফার্ম ম্যানেজার ইমদাদুল হক, মিনারুল ইসলাম, অনুষ্ঠানটি উপস্থাপনা করেন কেরু এ্যান্ড কোম্পানীর ফার্ম ম্যানেজার সুমন কুমার সাহা। অপরদিকে রবিবার রাত ১০ টার দিকে নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসানকে কেরু গেষ্ট হাউজে তাকে ফুলের শুভেচ্ছা জানান বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন, মহাব্যবস্থাপক জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, মহাব্যবস্থাপক অর্থ

আব্দুস ছাত্তার, মহাব্যবস্থাপক জি এম ডিস্টিলারি রাজিবুল হাসান, এডিএম ইউসুফ আলীসহ বিভিন্ন কর্মকর্তা।

কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকালে বিদ্যালয়ের অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিক মহা: মোজাম্মেল হক।

বিদ্যালয়ের শিক্ষার্থী রোদশী ও প্রত্যাশার সঞ্চালনায় শিক্ষকদের মধ্যে বক্তব্য রাখেন, বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক নাদিরা খানম ও নীলিমা বিশ্বাস, মধূসুদন রায়, সাইদুল ইসলাম, মাহমুদ হোসেন, জাহাঙ্গীর সিদ্দিক ও শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য দেন অধরা ও সুমাইয়া।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহা: মোজাম্মেল হক বলেন, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে বিদায়ী শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত হয়ে জাতি গঠনের কাজে নিয়োজিত থাকতে এবং বাল্য বিবাহ রোধ করতে সকলকে এগিয়ে আসতে আহ্বান জানান।

অনুষ্ঠানের শুরুতেই বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আনোয়ার হোসেন ও সিনিয়র শিক্ষক আনোয়ার আজম সরকার এর অকাল মৃত্যুতে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কুষ্টিয়ায় ডা: লিজা নার্সিং ইনস্টিটিউটে নবীন বরন ও বিদায় অনুষ্ঠান

কুষ্টিয়ায় ডা: লিজা-ডা: রতন ম্যাটস ও ডা: লিজা নার্সিং ইনস্টিটিউট তরুণ প্রজন্মকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলায় বিশেষ অবদান রেখে চলেছে বলে জানিয়েছেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সদর উদ্দিন খান।

তিনি বলেন, বৈশ্বিক মহামারি কোভিড-১৯ দুর্যোগ ঠেকাতে ও সুস্থ্য মাতৃত্ব এবং নবজাতক শিশু জন্মের জন্য নার্স-মিডওয়াইফদের কোনো বিকল্প নেই। ডা: এএফএম আমিনুল হক রতন ও ডা: আসমা জাহান লিজা পরিচালিত ডা: লিজা-ডা: রতন ম্যাটস ও লিজা নার্সিং ইনস্টিটিউট দক্ষ নার্স ও মিডওয়াইফ তৈরির মাধ্যমে স্বাস্থ্যসেবা খাতে বিশেষ অবদান রেখে চলেছে।

গতকাল সকালে কুষ্টিয়ার ডা: তোফাজ্জুল হেলথ এন্ড ডায়াগনষ্টিক সেন্টারের ৫ম তলায় ডা: লিজা-ডা: রতন ম্যাটস ও লিজা নার্সিং ইনস্টিটিউটের শিক্ষার্থীদের নবীন বরন ও বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, ডা: তোফাজ্জল হোসেন ছিলেন কুষ্টিয়ার ঐতিহ্যবাহী পরিবার। তারই সন্তান ডা: আমিনুল হক রতন। কুষ্টিয়ার একজন মানবিক চিকিৎসক, সুস্থাধারার রাজনীতে রসাথে সম্পৃক্ত। এছাড়াও তিনি সামাজিক ও মানবিক কর্মকান্ডের সাথে নিজেকে মেলে ধরেছেন।

ডা: লিজা-ডা: রতন ম্যাটসের চেয়ারম্যান ডা: আসমা জাহান লিজার সভাপতিত্বে ও ডা: লিজা-ডা: রতন ম্যাটসের অধ্যক্ষ ডা: আমিনুল হক রতনের সার্বিক পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডা: মো: রফিকুল ইসলাম, ম্যাটস কুষ্টিয়ার অধ্যক্ষ ডা: হেলিশ রঞ্জন সরকার, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি চৌধুরী মুর্শেদ আলম মধু, কুষ্টিয়া সদর থানা আওয়ামীলীগের সভাপতি জিপি এ্যাড. আ স ম আক্তারুজ্জামান মাসুম, বিএমএ জেলা শাখার সহসভাপতি ডা: আইয়ুব আলী, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সদস্য হাবিবুল হক পুলক, আবৃত্তি পরিষদের সভাপতি কবি

আলম আরা জুই, নাসিবের পরিচালক আব্দুস সাত্তার, জাসদের (রব) কুষ্টিয়ার সভাপতি মিজানুর রহমান মির্জা, বিএফএর সাবেক সভাপতি আবদুল লতিফ ও বিদায়ী শিক্ষার্থী আফরিনা খাতুন ও আজমুল হোসেন প্রমুখ।

জাতীয় সঙ্গীতের মাধ্যমে শুরু হয় এ অনুষ্ঠান। এরপর অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পাশাপাশি বিদায়ী শিক্ষার্থী এবং নবীন শিক্ষার্থীরা মোমবাতি প্রজ্বলনের মধ্য দিয়ে এবং তাদের মিষ্টিমুখ করিয়ে শুভেচ্ছা জানান অতিথিবৃন্দ। পরে বিদায়ী শিক্ষার্থীদের সম্মাননা স্মারক ক্রেষ্ট প্রদান করা হয়। এবং মনোজ্ঞ সাংষ্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সমাপ্তি হয় এ অনুষ্ঠানের

মিরপুরে নবাব সিরাজউদ্দৌলা কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

কুষ্টিয়ার মিরপুরে নবাব সিরাজউদ্দৌলা কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কলেজ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক ও কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আহাম্মদ আলী।

কলেজের অধ্যক্ষ মোঃ ফরিদ উদ্দিনের সভাপতিত্বে প্রধান আলোচকের বক্তব্য রাখেন ইসলামি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রফেসর ড. মোহাম্মদ জহুরুল ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন বারুইপাড়া ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা খন্দকার ছানাউল্লাহ।

কলেজের বাংলা বিভাগের প্রভাষক মুজতবা কামালের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিদ্যুৎসাহী সদস্য উফান আলী

মেম্বার, কলেজের অর্থনীতি বিভাগের প্রভাষক হামিদুল ইসলাম, মশান মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মজিদ, বলিদাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ আলম স্বপন, ছত্রগাছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খায়রুজ্জামান, মশান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হামিদা খাতুন (মলিনা), হাজরাহাটি যৌথ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বশির আহমেদ, কেএসএস নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অমল কুমার বিশ্বাস, তেঘরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোজিনা পারভীন, বীর মুক্তিযোদ্ধা জহুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আজিবার রহমান, বীর মুক্তিযোদ্ধা রেজন আলী, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রমোশন অফিসার ইমাম মেহেদী, ট্রাষ্টি সদস্য জুলফিকার প্রমুখ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রথম বর্ষের শিক্ষার্থী হৃদয় আলী এবং বিদায়ী শিক্ষার্থী সুলতান আহমেদ।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলাওয়াত করেন কাউসার আলী।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, বর্তমান সরকার শিক্ষা বান্ধব সরকার। আধুনিক শিক্ষার সাথে তাল মিলিয়ে দক্ষভাবে শিক্ষার্থীদের গড়ে উঠতে হবে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের ব্যাপক ভূমিকা পালন করতে হবে বলেও জানান তাঁরা।

বক্তারা আরও বলেন, মাদক থেকে দূরে থাকতে হবে, মেধা মননশীলতায় কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ হয়ে মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে। তাই শিক্ষা অর্জনের পাশাপাশি মানবিক মানুষ হিসেবে নিজেদের জীবন গড়ে তুলতে তারা শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। এছাড়া আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বিষয়ের উপর বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ মুলক বিভিন্ন বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

অনুষ্ঠান শেষে রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরীক্ষার্থীদের জন্য ক্লিয়ার ফাইল, কলম, নোট ও স্কেল হিসেবে প্রদান করা হয়।

কুষ্টিয়া সিটি কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

বেঁচে থাকার জন্য শক্তি নয়, মেধার চর্চা করতে হবে বলে জানিয়েছেন ইসলামি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রফেসর ড. মোহাম্মদ জহুরুল ইসলাম।

কুষ্টিয়ার এই সিটি কলেজ এতো সুন্দরভাবে প্রতিষ্ঠিত করেছে তা কেবল এই প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের সমন্বয়ে সম্ভব হয়েছে। মেধার চর্চা করেই এই সিটি কলেজের শিক্ষার্থীদের মানবিক হয়ে উঠতে হবে।

রবিবার সকালে কুষ্টিয়া সিটি কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি সব কথা বলেন।

তিনি আরও বলেন, মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব। আর এ শ্রেষ্ঠত্বের কারণ হচ্ছে তার মনুষ্যত্ব, বিবেক ও বুদ্ধিবৃত্তি। তবে পৃথিবীতে মানুষই একমাত্র জীব, যাদের ক্রমাগত অনুশীলন ও চর্চার মাধ্যমে প্রকৃত মনুষ্যত্ব অর্জন করতে হয়। শিক্ষা মানুষকে এ কাজে সহায়তা করে।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ আন্তাজ উদ্দিনের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক আসাদুল হকের সঞ্চালনায় বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আলহাজ্ব মোঃ মতিয়ার রহমান মজনু, কলেজের ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক ওবায়দুর রহমান, কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক হাসাবুল ইসলাম, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মোহিত কুমার বিশ্বাস, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রমোশন অফিসার ইমাম মেহেদী, রোটারীয়ান এ্যাড. মোসাদ্দেক আলী মনি প্রমুখ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রথম বর্ষের শিক্ষার্থী সামিউর রহমান এবং দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী রাজীব হোসাইন, মুসাব্বির আহমেদ। অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলাওয়াত করেন আবদুস সামাদ।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের ব্যাপক ভূমিকা পালন করতে হবে। মাদক

থেকে দূরে থাকতে হবে, মেধা মননশীলতায় কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ হয়ে মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে।

তাই শিক্ষা অর্জনের পাশাপাশি মানবিক মানুষ হিসেবে নিজেদের জীবন গড়ে তুলতে তারা শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। এছাড়া আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বিষয়ের উপর বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপদেশ মুলক বিভিন্ন বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

পরে কলেজের দুই শিক্ষার্থী রুশনা খাতুন ও যুথী খাতুনের সড়ক দূর্ঘটনায় অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় অনুষ্ঠান, নবীন বরণ ও বার্ষিক বনভোজন

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় অনুষ্ঠান, নবীন বরণ ও বার্ষিক বনভোজন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার সদর উপজেলার শোমারী গ্রামে বিদ্যালয় প্রাঙ্গনে দিন ব্যাপী এ সকল অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শোলমারী গ্রামের প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক রেজাউল করিম। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান। বক্তব্য দেন জেলা পরিষদ সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আরিফুল ইসলাম, ম্যানেজিং কমিটির সদস্য আবু হানিফ পল্টু, মশিউর রহমান, ইউপি সদস্য আকতারুজ্জামান, সহকারী শিক্ষক আব্দুল আলিম, সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ।

উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোস্তাক আহমেদ, ফারুক হোসেন, মর্তুজা ফারুক, মমতাজ পারভিন, শরিফুদ্দিন, আফরোজা সুলতানা, জিয়াউর রহমান, রিপন আলী, ওয়ার্ড আওয়অমীলীগের সভাপতি,

সাধারণ সম্পাদক, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মন্টু, আনোয়ার হোসেন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল জাব্বার।